

সিন্যাপ্স র্যাংকিং

প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেল শাবিপ্রবি

শাবিপ্রবি প্রতিনিধি

২৯ মে ২০২৪, ১২:০০ এএম



জাতীয় পর্যায়ে প্রোগ্রামিং প্রতিযোগিতার ভিত্তিতে প্রকাশিত সিন্যাপ্স র্যাংকিংয়ে দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃতি অর্জন করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)। গত বছর প্রকাশিত র্যাংকিংয়ে সারাদেশে দ্বিতীয় অবস্থানে ছিল বিশ্ববিদ্যালয়টি। তবে সম্প্রতি ২০২৪ সালের ভিত্তিতে প্রকাশিত র্যাংকিংয়ে প্রথম স্থানে জায়গা করে নেয় শাবিপ্রবি। তালিকার শীর্ষ ১০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে রয়েছে- শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি বিশ্ববিদ্যালয়।